**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

**তারিখ ঃ ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ/০৬ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ।**

**এস.আর.ও. নং- ১৪৭-আইন/২০১৩/২৪৩৪/কাস্টমস।–** Customs Act, 1969 (Act IV of 1969), অত:পর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19(1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, অত্র বিভাগের ১২ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ মোতাবেক ২৬ জুন, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৭২-আইন/২০০৮/২২০০/শুল্ক রহিত করিয়া, উক্ত Act এর First Schedule ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত টেবিল এর কলাম (1) ও (2) এ উলিখিত Heading No. এবং H.S.Code এর বিপরীতে কলাম (3) এ বর্ণিত পণ্যসমূহকে, উহাদের উপর আরোপনীয় সমুদয় আমদানি শুল্ক, সমুদয় মূল্য সংযোজন কর ও, ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক, যদি থাকে, হইতে নিম্নবর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

**শর্তসমূহ**

(ক) আমদানিকারককে অবশ্যই পশু সম্পদ অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত পোল্ট্রি অথবা গবাদি পশু প্রতিষ্ঠান (Dairy Farm) অথবা Animal Health Company অথবা পোল্ট্রি, লাইভষ্টক ও ডেইরী ফিড প্রস্তুতকারক প্রতিষ্ঠান অথবা মৎস্য অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত ফিসারী এবং মৎস্য ফিড প্রস্তুতকারক প্রতিষ্ঠান হইতে হইবে;

(খ) আমদানিকারকের ব্যবহারের জন্য যে পরিমাণ পণ্যের প্রয়োজন হইবে সে পরিমাণ উল্লেখপূর্বক আমদানিকৃত পণ্য পোল্ট্রি অথবা পশু খাদ্যে ব্যবহৃত হইবে এই মর্মে পশু সম্পদ অধিদপ্তর কর্তৃক অথবা মৎস্য খাদ্যে ব্যবহৃত হইবে মর্মে মৎস্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ছাড়পত্র আমদানিকারক কর্তৃক সংশ্লিষ্ট শুল্ক কমিশনার বরাবর দাখিল করিতে হইবে;

(গ) Animal Health Company অথবা পোল্ট্রি, লাইভষ্টক ও ডেইরী ফিড প্রস্তুতকারক প্রতিষ্ঠান কর্তৃক আমদানির ক্ষেত্রে পশু সম্পদ অধিদপ্তর এবং

ফিসারী এবং মৎস্য ফিড প্রস্তুতকারক প্রতিষ্ঠানের আমদানির ক্ষেত্রে মৎস্য অধিদপ্তর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বাৎসরিক চাহিদার পরিমাণ যথাযথভাবে নিরূপণ করতঃ উক্ত পরিমাণ পণ্য আমদানির জন্য ছাড়পত্র প্রদান করিবে এবং উক্ত ছাড়পত্র আমদানিকারক কর্তৃক সংশ্লিষ্ট শুল্ক কমিশনার বরাবরে দাখিল করিতে হইবে;

(ঘ) আমদানিকৃত পণ্যের মোড়কে “পণ্য পশুখাদ্যে অথবা পোল্ট্রি অথবা মৎস্য খাদ্যে ব্যবহার করা হইবে” মর্মে অথবা অনুরূপ অন্য কোন নির্দেশনা থাকিতে হইবে;

(ঙ) আমদানিকারককে পণ্যের Printed literature এবং Chemical analysis দাখিল করিতে হইবে। শুল্ক কর্তৃপক্ষ উহাতে সন্তুষ্ট না হইলে স্বীয় ল্যাবরেটরীতে অথবা Bangladesh Council of Scientific and Industrial Research অথবা ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট পরীক্ষাগারে অথবা সরকার কর্তৃক অনুমোদিত নির্ভরযোগ্য অন্য কোন পরীক্ষাগারে উহার রাসায়নিক পরীক্ষা করিতে পারিবে;

(চ) পোল্ট্রি অথবা গবাদি পশু প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত পণ্য সঠিকভাবে ব্যবহৃত হইয়াছে কিনা এবং Animal Health Company কর্তৃক আমদানিকৃত পণ্য অথবা পোল্ট্রি, লাইভষ্টক ও ডেইরী ফিড প্রস্তুতকারক প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত পণ্য সংশ্লিষ্ট পোল্ট্রি অথবা গবাদি পশু প্রতিষ্ঠানের নিকট সরবরাহ করা হইয়াছে কিনা তাহা পশু সম্• দ অধিদপ্তর মনিটর করিবে। ফিসারী প্রতিষ্ঠানের আমদানীকৃত পণ্য সঠিকভাবে ব্যবহৃত হয়েছে কিনা তা মৎস্য অধিদপ্তর মনিটর করিবে; এবং

(ছ) এই প্রজ্ঞাপনের আওতায় রেয়াত প্রাপ্ত পণ্য উপরি-উক্ত উদ্দেশ্য ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহৃত হইলে, সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

**<u>টেবিল</u>**

| Heading No. | H.S.Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 05.08 | 0508.00.00 | Coral and similar materials, Simply prepared (Poultry feed grade) : Oyster shell |
| 05.11 | 0511.91.00 | Products of fish or crustaceans, molluscs or other aquatic invertebrates; dead animals (fish meal unfit for human consumers) |

| Heading No. | H.S.Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 12.08 | 1208.10.00 | Flours & meals of Soyabeans |
| 15.16 | 1516.20.00 | Vegetable fats |
| 21.02 | 2102.10.00 | Active yeasts |
| | 2102.20.00 | Inactive yeasts; Other Single-cell micro-organisms, dead |
| 23.09 | 2309.90.10 | Poultry/Dairy/Fish feed/Food suppliment/additives |
| 28.05 | 2805.12.00 | Calcium premix |
| 28.28 | All H.S. Codes | Hypochlorites; commercial calcium hypochlorite; chlorites; hypobromites |
| 28.33 | 2833.25.00 | Copper sulphate pentahydrate (feed grade) |
| | 2833.29.90 | Ferrous sulphate (feed grade)/Manganese sulphate monohydrate (feed grade) |
| 28.35 | 2835.25.00 | Di-calcium phosphate (DCP) |
| | 2835.26.00 | Mono/Tricalcium phosphate (Feed grade) |
| 28.42 | All H.S. Codes | Other salts of inorganic acids or peroxoacids (including aluminosilicates whether or not chemically defined), other than azides |
| 29.23 | 2923.20.00 | Lecithins and other phosphoaminolipids |
| 29.30 | 2930.90.00 | Other organo-sulphur compounds |
| 29.34 | 2934.99.10 | Nucleic acids and their salts |
| 29.37 | 2937.19.10 | HCG, leutinising hormone & releasing hormone |
| 30.03 | 3003.10.00<br>3003.20.00<br>3003.39.90 | Medicament for veterinary use for retail sale |
| | 3003.90.99 | Veterinary medicine: FMD Vaccine, Bio-add, Til-gain, Origo-stim |
| 30.04 | 3004.20.90 | Medicaments containing other Antibiotics for Poultry & Dairy |
| | 3004.39.90 | Medicaments of other Hormones for Poultry & Dairy |
| | 3004.50.00 | Other medicaments containing vitamins or other products of Heading No. 29.36 |
| | 3004.90.99 | Veterinary medicine: FMD Vaccine, Bio-add, Til-gain, Origo-stim / Spermfilter |
| 35.07 | 3507.90.90 | Enzymes; prepared enzymes not elsewhere specified or included for use in animal feed |
| 38.08 | 3808.94.10 | Disinfectants for use in Poultry & Dairy |
| | 3808.99.10 | Other, for use in Poultry & Dairy |
| 38.15 | 3815.90.00 | Raw milk preservatives |

| Heading No. | H.S.Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 38.21 | 3821.00.00 | Prepared culture for poultry |
| 38.22 | 3822.00.00 | Diagnostic/laboratory reagents for Poultry/Animal disease diagnosis |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(মোঃ ফরিদ উদ্দিন)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।